


তরীকায়ে মুহাম্মদিয়া



আল্লাহর নৈকট্য ও সন্তুষ্টি লাভের পথ

তরীক্তায়ে মুহাম্মাদিয়া

আল্লাহর নৈকট্য ও সন্তুষ্টি লাভের পথ

মূল ইংরেজী **Tareeqah Muhammadiyah (Jourrney to the Closeness and Pleasure of Allah)** থেকে সহজ-সরল বাংলায় অনুবাদ
অনুবাদক : মো : মোস্তাফিজুর রহমান

সূচীপত্র

আল্লাহ তায়ালার সন্তুষ্টির দিকে ফিরে আসা

টীকা বা কঠিন শব্দসমূহের অর্থ

জীবনের বিভিন্ন স্তর বা ধাপ (মানব আত্মার সফর)

অস্তিত্বহীন (অর্থাৎ যখন আল্লাহ ছাড়া কোন কিছুই ছিল না)

রহ বা আত্মার জগত

ক্ষণস্থায়ী বা অস্থায়ী জগত (দুনিয়া)

মৃত্যুর পরের জগত (বরযথ)

ক্রিয়ামত দিবস বা শেষ বিচারের দিন

প্রথম আদালত : ঈমান, কুফুর, তাওহীদ ও শিরক এর বিচার

দ্বিতীয় আদালত : হক্কেল্লাহ এর বিচার

তৃতীয় আদালত : হক্কুল এবাদ বা বান্দার হকের বিচার

দোয়খের জীবন

চিরস্থায়ী সুখময় বাসস্থান (জান্নাত)

মূলকথা

বিভিন্ন প্রকারের প্রশ্ন ও জওয়াব

আল্লাহ ও তাঁর আদেশ-নিষেধকে সবার উপর প্রাধান্য দেয়া

হয়রত মুহাম্মদ (সাঃ) এবং তার দেখানো পথ (সুন্নাহ) এর প্রতি সম্মান প্রদর্শন করা

সৃষ্টি সমূহের প্রতি ভালবাসা

আল্লাহর উপস্থিতি (আল্লাহ পাক সদা সর্বদা বিরাজমান)

আকিন্দা বা বিশ্বাস

আল্লাহর উপর বিশ্বাস

ফেরেশতাদের প্রতি বিশ্বাস

কিতাব সমূহের প্রতি বিশ্বাস

নবী-রাসূলগণের প্রতি বিশ্বাস

কিয়ামত দিবসের প্রতি বিশ্বাস

তাকদীরের উপর বিশ্বাস

মৃত্যুর পরের জীবনে বিশ্বাস

খতমে নবুয়ত

সাহাবায়ে কেরাম ও আহলে বাইত বা নবীর (সঃ) এর বংশধর

আল্লাহর ওলীগণ

শয়তানের ওলী বা সাথী

তওবা করার নিয়মাবলী

তওবার উদ্দেশ্য

তওবার দুটি অতিরিক্ত কাজ

তওবার ত্যাগ না করে অনতিবিলম্বে করে নেয়া

তওবা সম্পর্কিত শয়তানের ধোকা ও প্রতারণা

কোন সময় পর্যন্ত বান্দা তওবা করতে পারে?

তওবার চারটি শর্ত

তওবা সঠিক হওয়ার সাহায্যকারী কার্যবলী

তওবার উপর দৃঢ় থাকার সাহায্যকারী কার্যবলী

তওবা থেকে বিরতকারী সন্দেহ ও শয়তানী ধারণা

পথ চলা শুরু

প্রথম স্তর - পবিত্রতা : সাতটি অঙ্গের তাকওয়া বা পরহেজগারী

শরীরের বিভিন্ন অঙ্গের দ্বারা যে সমস্ত পাপ হয়

দ্বিতীয় স্তর- অন্তরের পরিশুন্দতা : ধ্যান-ধারণা ও চিন্তা-চেতনার পবিত্রতা

তৃতীয় স্তর : (আত্মা ও অন্তরের পবিত্রতা)

চতুর্থ স্তর : (আল্লাহর নৈকট্য ও সন্তুষ্টি অর্জন এবং অন্তর-আত্মাকে আলোকিত করা)

মুর্শিদ বা শিক্ষকের আনুগত্য করা :

রাসূল (সঃ) এর অনুকরণ ও অনুসরণ এবং তার প্রতি মহবত প্রদর্শন

আল্লাহর আদেশ-নিষেধ মেনে চলা এবং তাঁর প্রতি ভালাবাসা প্রদর্শন

মানুষকে আল্লাহর দিকে আহ্বান করা (মাকাম বা দাওয়াতী স্তর)

আশা ও ভয়

আল্লাহর উপর ভরসা বা তাওয়াকুল

তরীকের প্রথম স্তর (ক)

তরীকের প্রথম স্তর (খ)

তরীকের দ্বিতীয় স্তর

তরীকের তৃতীয় স্তর

তরীকের চতুর্থ স্তর
আধ্যাত্মিক বা রহনী চল্লিশটি গুণাবলী ও চর্চা

দৈনন্দিন আমলসমূহ

যিকিরের আধ্যাত্মিক ধাপসমূহ

মোরাকাবা বা ধ্যানের প্রকারভেদ

অজুর আধ্যাত্মিক ধাপসমূহ

গোসলের আধ্যাত্মিক ধাপসমূহ

যিকিরের আধ্যাত্মিক ধাপসমূহ

রোজার আধ্যাত্মিক ধাপসমূহ

নামাযের আধ্যাত্মিক ধাপসমূহ

যাকাত ও সাদকৃহর আধ্যাত্মিক ধাপসমূহ

হজ্ঞ ও ওমরার আধ্যাত্মিক ধাপসমূহ

সহায়তাকরী কিতাব সমূহ

সিরাত (হ্যুর সঃ এর জীবনি)

হ্যরত মুহাম্মদ ছাল্লাল্লাভ ওয়া ছাল্লামের আলোকময় সুন্নাত সমূহ

আল্লাহর পথে অগ্রসর হওয়ার সামগ্রিক রেকর্ড

রমজান মাসে আধ্যাত্মিক রোজা পালন

আধ্যাত্মিক প্রার্থনা (সালাহ/নামায)

সালাহ বা নামাযের বাহ্যিক স্তরসমূহ

নামাযের আধ্যাত্মিক স্তরসমূহ

বেহেস্তী চুক্তিসমূহ

অনুশোচনা (তওবাহ)

আন্তরিকতা (ইখলাছ)

কৃতজ্ঞতা (শুকরিয়া আদায়)

বিনয় (তাওয়াদ্দু)

‘লা ইলাহা ইল্লাল্লাহ’ যিকির

আল্লাহর সন্তুষ্টির দিকে ফিরে আসা

আল্লাহর সন্তুষ্টি অর্জন ও নৈকট্য লাভের যত স্তর ও পথ রয়েছে তাতেই লক্ষ্য স্থির করে চলা। এ পথে সফরকারীদের দায়িত্ব ও কর্তব্য হল উস্তাদের (শিক্ষকের) নিকট থেকে পাওয়া নির্দেশের উপর আমল করা এবং ৪০ দিন পর একবার উস্তাদের সাথে দেখা করে নিজের অবস্থা সম্পর্কে তাকে অবহিত করে হেদায়ত ও পরামর্শ নেওয়া।

নাম :

ঠিকানা :

জন্ম তারিখ :/. /. /

শিক্ষাগত যোগ্যতা/ পেশা :

.....

জীবনের লক্ষ্য :

অবসরকালীন কাজের বর্ণনা :

টীকা বা কঠিন শব্দসমূহের অর্থ :

রেজায়ে এলাহী (আল্লাহর সন্তুষ্টি) : বান্দার প্রতি আল্লাহর সন্তুষ্টি

সুন্নাহ (নবী-রাসূলগণের পথ) : হযরত মুহাম্মদ (সঃ) এর কথা এবং কাজ এবং যা কিছু তার সামনে করা হয়েছে এবং তিনি তা থেকে বিরত থাকার নির্দেশ দেননি এবং সেই সব কাজ বা আমল যার প্রতি তিনি নিরবে সমর্থন দান করেছেন।

তরীক (পথ) : এটা সেই পথ, যে পথে চললে বান্দা আল্লাহকে সন্তুষ্ট বা রাজী করাতে পারে।

তালীব/সালিক (অনুসন্ধানী/সফরকারী) : আল্লাহর সন্তুষ্টি অর্জনের পথে যারা চলে।

মকসুদ (উদ্দেশ্য বা লক্ষ্য) : বান্দাকে তার চরম লক্ষ্য পৌঁছানোর জন্য প্রাণপণ চেষ্টা করা দরকার।

কাশফ (আরণ খুলে যাওয়া) : জাগ্রত অবস্থায় কোন দৃশ্য দেখা, যা অন্য কোন জায়গা অথবা দুনিয়ার দৃশ্যাবলী যা ঘুমন্ত অবস্থায় স্বপনে দেখা যায়।

কেরামতী (অলৌকিকতা) : রাসূল (সঃ) এর সুন্নতের অনুসরণ করে এমন কোন কাজ বা কথা প্রকাশ করা যা সাধারণত ঘটে না।

নফস : যার মধ্যে বিভিন্ন প্রকারের চাওয়া-পাওয়ার কামনা হয়।

তাজকিয়া (শুন্দ হওয়া) : সেই সব আমল বা কাজ-কর্ম থেকে নিজের দেহ, মন-আত্মাকে পবিত্র রাখা আল্লাহ তায়ালা পছন্দ করেন না।

জীবনের বিভিন্ন স্তর বা ধাপ (মানব আত্মার সফর)

আদি বা অস্তিত্বহীন

এটি এমন যা মানুষ তার চারপাশে দেখতে পায় যেমন, আসমান, চন্দ্ৰ-সূর্য, পুষ্প-পাথি, সমুদ্র, পাহাড়; এসবের কোনটিই আপনা আপনি সৃষ্টি হয়নি এবং কোন মানুষও সেসব তৈরী করেনি। এসবের কোন অস্তিত্বই ছিল না, এমনিভাবে ফেরেন্টা, জান্নাত-জাহানাম, আরশ-কুরছি, লভ-কলমও শুরু থেকে বিদ্মান ছিল না কেবলমাত্র এক আল্লাহ ছাড়। মহান আল্লাহ রাবুল আলায়াম সমগ্র সৃষ্টিজগত, তাবত মানুষ এবং জীন জাতিকে সৃষ্টি করেছেন কেবলমাত্র তাঁর এবাদতের জন্য এবং আপন পরিচয় দেবার জন্য। এমনকি মানুষ নিজেরাই নিজেদেরকে সৃষ্টি করেনি, সেজন্য তারা তাদের জীবনকেও নিজেদের ইচ্ছা মতো চালাতে পারেন। বরং যিনি সৃষ্টি করেছেন তাঁর ইচ্ছা মতোই তাকে চলতে হবে। আর এটাই এমকাত্র চিরস্থায়ী কামিয়াবি হাসিলের পথ। সুরা মুল্ক এ আল্লাহ তায়ালা এরশাদ করেছেনঃ “যিনি সৃষ্টি করেছেন মরণ ও জীবন, যাতে তোমাদেরকে পরীক্ষা করেন- কে তোমাদের মধ্যে কর্মে শ্রেষ্ঠ।” (সুরা মুল্ক, আয়াত নং-২)

রূহানী জগত

আল্লাহ তায়ালা সমস্ত রূহ পয়দা করে তাদেরকে জিজ্ঞেস করলেন-“আমি কি তোমাদের প্রতিপালক নই?” মানবরূহ সহ সকলেই জবাবে বলেছিল-“ হাঁ, আপনিই আমাদের প্রতিপালক” (সুরা আল আ’রাফ, আয়াত-১৭২)। যেহেতু রূহগণ স্থীকার করেছে যে আল্লাহ তাদের প্রতিপালক, সেহেতু তাদেরকে পরীক্ষা করার জন্য একটি শরীরের অবয়ব দিয়ে এই জগতে পাঠিয়ে দিয়েছেন যাতে তারা প্রকাশ্য প্রমাণ করতে পারে- যা তারা স্থীকার করেছে।

ক্ষণস্থায়ী জগত (ধ্বংসশীল দুনিয়া)


দুনিয়াতে রূহকে সামান্য সময়ের জন্য পরীক্ষার উদ্দেশ্যে পাঠিয়েছেন। তাকে শরীর দিয়েছেন, এই দুনিয়াবী জগতে এর অনেক ধরনের চাওয়া-পাওয়া রয়েছে। এখানে দেহ ধারণকারী রূহের বা মানুষের জন্য পরীক্ষা হলো, সেকি তার দেহ বা শরীরকে ব্যবহার করবে আল্লাহর নির্দেশ ও তাঁর রাসূল (সঃ) এর তরীক্ত মাফিক চলতে; না শয়তান ও নফসের চাহিদা মতো চলতে?

মৃত্যুর পরের জীবন বা আলমে বরযথ

মৃত্যুর পর মানুষ যেখানে কিয়ামত পর্যন্ত অবস্থান করবে তাকেই আলমে বরযথ বা করব বলে। এখানেই মানুষের সকল ইচ্ছার পরিসমাপ্তি ঘটে, অর্থাৎ ইচ্ছা বা আকাঙ্খা প্রকাশের কোন সুযোগ থাকে না। হয়ত এ কবর কারো জন্য সুশোভিত বাগান হবে অথবা জাহানামের অগ্নিকুণ্ডে পরিণত হবে- তার খারাপ আমলের দরুণ, যা সে ইচ্ছাকৃত ভাবে দুনিয়াতে করেছে।

শেষ বিচারের দিন (কিয়ামত দিবস)

এ দিনটি হবে বর্তমান সময় অনুসারে ৫০ হাজার বছরের সমান একটি দিন। এই দিনে সকলকে পুনরায় জীবিত করা হবে। প্রত্যেককে তার প্রতিটি কৃতকর্মের (কাজের) চুলচেড়া হিসাব দিতে হবে। বিশেষ করে যৌবনকালীন সময় কোথায় কিভাবে ব্যয় করেছে, সম্পদ কিভাবে উপার্জন করেছে এবং কোথায় কিভাবে খরচ করেছে তার হিসাব দিতে হবে। ইলম বা জ্ঞান অনুসারে কতটুকু আমল করা হয়েছে সে সম্পর্কে জিজ্ঞেস করা হবে। পৃণ্যবান লোকদের জন্য এ দিনটি অতি সহজে সামন্য সময়ে অতিবাহিত হয়ে যাবে। সেদিন তিনটি বিচারকার্য সম্পন্ন করা হবে।



প্রথম আদালত : ঈমান ও কুফরের বিচার, তাওহীদ ও শিরকের বিচার

১। প্রথম আদালতে তাওহীদ ও শিরক সম্পর্কে প্রশ্ন করা হবে। অর্থাৎ মানুষকে জিজ্ঞেস করা হবে তার আকিদা বা বিশ্বাস কি ছিল? এবং সে কিসের ভিত্তিতে বা কোন বার্তাবাহকের মাধ্যমে আল্লাহ ও তাঁর রাসূলকে অস্বীকার করেছিল অথবা বিশ্বাস স্থাপন করেছিল।

দ্বিতীয় আদালত : হক্কুল্লাহ এর বিচার

২। দ্বিতীয় আদালতে আল্লাহ ও তাঁর রাসূল (সঃ) এর প্রতি করণীয় বিষয়াবলীর ব্যাপারে প্রশ্ন করা হবে। যথা নামায, রোজা, হজু, যাকাত এবং সুন্নাতের কতটুকু মেনে চলা হয়েছে। এছাড়াও কোরআন সম্পর্কে জিজ্ঞেস করা হবে, কোরআনের আদেশ-নিষেধের উপর কতটুকু আলম করা হয়েছে?

তৃতীয় আদালত : হক্কুল এবাদ বা বান্দার হকের বিচার

৩। তৃতীয় আদালতে মানুষ এবং অন্যান্য মাখলুকাতের হক ও অধিকার সম্পর্কে প্রশ্ন করা হবে। এখানে মানুষকে তার জান-মাল, মান-সম্মান, দায়িত্ববোধ এবং মানুষের হক, পশুপাখির হক, পরিবেশের হক সম্পর্কে প্রশ্ন করা হবে।

দোয়খের জীবন

যদি মহান আল্লাহ তায়ালা তাঁর স্বীয় করণ্যায় ক্ষমা না করেন তবে পাপী ও ফাসিকদের দীর্ঘ সময় দোয়খের প্রজ্জিলিত আগুনে থাকতে হবে। সেখানে দোয়খীদের জন্য থাকবে উত্তপ্ত আগুন ও গলিত পুঁজ-রক্ত। কাফিরগণ সেখানে চিরস্থায়ী অবস্থান করবে অপরদিকে গোনাহগার মুমিনদেরকে একটি নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত সেখানে থাকতে হবে।

চিরস্থায়ী সুখময় বাসস্থান (জান্নাত)

সেই সব বিশ্বাসীগণ যারা পৃথিবীর জীবন কাটিয়েছে এবং নিজেদেরকে গোনাহ থেকে বাঁচিয়ে রেখেছে; মহান আল্লাহ ইজ্জতে রাবুল আলামীনের অশেষ দয়া ও করণ্যায় তারা জান্নাতে প্রবেশ করবে। আর এটাই হবে তাদের চিরস্থায়ী ঠিকানা। মূলত একজন জান্নাতীর জন্য এটা হবে এই পৃথিবীর চাহিতে অনেকগুণ বড়। জান্নাতীরা হবে উচ্চতায় হয়রত আদম (আঃ) এর সমান, সৌন্দর্যে হবে হয়রত ইউসুফ (আঃ) এর মতো, বয়সে হবে হয়রত ঈসা (আঃ) এর বয়সী, কঠ হবে হয়রত দাউদ (আঃ) এর মতো এবং চিরত্ব হবে হয়রত মুহাম্মদ (সঃ) এর মতো। আল্লাহ (আয়া ওয়া যাল্লা) তাদের সঙ্গে সরাসরি কথা বলবেন, তাদের কাছে প্রকাশ করবেন স্বীয় নিরূপম অতুলনীয় সৌন্দর্য। জান্নাতে থাকবেন অসুস্থ্যতা, বাধ্যকতা, মৃত্যু, না কোন সমস্যা তাদেরকে জর্জরিত করবে, না কোন দুঃচিন্তা তাদেরকে স্পর্শ করতে পারবে। এই জান্নাত হবে তাদের জন্য, যারা পৃথিবীতে তাদের প্রতিপালককে খুশি করেছে।

মূল কথা :

এই রাস্তা (তরীকায়ে মুহাম্মাদীয়া) এ শিক্ষায় দেয় যে, মানুষ তার শরীর-মন, রূহ ইত্যাদি অঙ্গ-প্রত্যঙ্গকে কিভাবে গোনাহ থেকে পবিত্র রাখবে যাতে করে জাহানামের ভয়ানক শাস্তি থেকে নিজেকে নিরাপদ রেখে জান্নাতে প্রবেশ করতে পারে। অন্তর ও মনকে পবিত্র করার এই পক্রিয়াকে তাফ্কিয়ায়ে নফস্ বলে। তাফ্কিয়ায়ে নফস্ এর মাধ্যমে মানুষ আল্লাহর প্রিয় বান্দায় পরিণত হয়। আর আল্লাহ তায়ালাও তার উপর রাজী ও খুশী হয়ে যান। অন্যথায়, মৃত্যুর পর তাদের (অপবিত্র আত্মার) জন্য অপেক্ষা করছে কঠিন আহ্যাব।

বিভিন্ন প্রকারের প্রশ্ন ও জওয়াবঃ

প্রশ্নঃ এই রাস্তার গত্বয় কোথায়?

উত্তরঃ আল্লাহর সন্তুষ্টি অর্থাৎ তাঁকে খুশি করা।

প্রশ্নঃ সকলের স্রষ্টা আল্লাহকে কিভাবে সন্তুষ্ট বা রাজী করানো যায়?

উত্তরঃ আল্লাহকে সন্তুষ্ট বা রাজী করতে হলে নিচের চারটি কাজ করতে হবেঃ-

১। আল্লাহ ও তাঁর আদেশ-নিষেধকে সবার উপর প্রাধান্য দেওয়া :

সকল প্রকার বানোয়াট এবং মানুষের তৈরী মিথ্যা উপাসনার উপরে এবং যাবতীয় সৃষ্টি বস্তর উপরে আল্লাহ উজ্জ্বল আলামীন কে প্রাধান্য দিয়ে তাঁর প্রত্যেকটি আদেশ-নিষেধের বিরোধীতা না করে সেগুলোর উপর দৃঢ়চিত্তে (শক্তভাবে) আমল করা।

২। হ্যরত মুহাম্মদ (সাঃ) এবং তার দেখানো পথ (সুন্নাহ) এর প্রতি সম্মান প্রদর্শন করা :

মহান আল্লাহ তায়ালার পর পেয়ারী হাবীব হ্যরত মুহাম্মদ (সাঃ) এবং তার দেখানো পরিত্ব সুন্নাহ কে অগ্রাধিকার দেওয়া এবং সকল প্রকার মত ও পথ বাঁদ দিয়ে হ্যুর (সাঃ) এর দেখানো পথে নিজেকে পরিচালিত করা, যে ভাবে ছাহাবায়ে কেরাম (রাঃ) নিজেদের জীবনে সুন্নতের অনুসরণ করে গেছেন।

৩। সৃষ্টি সমূহের প্রতি ভালবাসা :

সকল মাখলুকাতের হক আদায় করা এবং পরিত্ব কোরআন এবং সুন্নাহর শিক্ষা মতাবেক তাদের প্রতি এহ্সান করা। এবং সুন্দর এবং সাবলীল ভাবে তাদেরকে মিথ্যা, অসৎ কর্ম থেকে বিরত রেখে সত্যের পথে আনার চেষ্টা করা, যাতে তাদেরকে পরকালের ভয়াবহ আয়াবের হাত থেকে রক্ষা করা যায়।

৪। আল্লাহর উপস্থিতি (আল্লাহ পাক সদা সর্বদা বিরাজমান) :

অন্তরে এই ধ্যান করা যে আল্লাহ তায়ালা সদা সর্বদা বিরাজমান এবং তিনি আমার সকল কৃতকর্ম দেখছেন, আমার সব কথা শুনছেন এবং আমি তাঁরই সামনে সকল কিছু করছি।

প্রশ্নঃ কোন কোন জিনিষ আল্লাহর নৈকট্য লাভের পথে বাঁধার সৃষ্টি করে এবং তা থেকে আমাদের দুরে থাকা দরকার। বা সেসব আমাদের মূল লক্ষ্য বা উদ্দেশ্য হওয়া উচিত নয়।

উত্তরঃ নিচের অবস্থা বা বিষয়গুলো একজন মানুষের মূল উদ্দেশ্য হওয়া উচিত নয়-

১। ভাল ভাল সপ্ত দেখা

২। খেয়ালের বশে কেরামতি প্রদর্শন করা

৩। ইলহাম বা এধরনের খোদা প্রদত্ত অবস্থার সৃষ্টি করা

৪। যিকির বা মোরাকাবার মাঝে আলো বা নূর দেখা

৫। ঝাড়ফুঁক বা তাবিজ করার জন্য অনুমতি লাভ করা

৬। জীনকে আয়ত্তে আনা এবং জীনের মাধ্যমে রোগীর চিকিৎসা করা

৭। রিয়িক বা ব্যবসা বৃদ্ধির আশা করা

৮। শারীরিক ও মানসিক রোগ থেকে মুক্তি পাওয়া

৯। ভবিষ্যৎ সম্পর্কে ধারণা করা এবং অন্যের মনের কথা বলতে পারা

১০। মামলায় বা দুনিয়াবী কাজে কামিয়াবী হাত্তিল করা

১১। এই ধারণা করা যে, নেক কাজ আপনা আপনিই হবে এবং এমনিতেই গোনাহ মাফ হবে, এর জন্য কোন পরিশ্রম করতে হবে না

১২। এই ধারণা করা যে, কোন খারাপ চিন্তা-চেতনা আসবে না

১৩। বেশী বেশী সত্তান লাভ করা বা বৃদ্ধি হওয়া

১৪। কোন সৎ কাজ বা উপহার তুল্য কাজের দায়িত্ব নেওয়া এবং তাতে কোন প্রকার গোনাহে লিপ্ত থাকা

১৫। মনে মনে এমন আসা করা যায় যে, গোনাহের প্রতি (আপনার) সামান্যতম টান নেই

১৬। বিভিন্ন প্রকার গুণাবলীর ভাব প্রদর্শন কার (উদাহরণ স্বরূপ বলা চলে, আপনার মধ্যে যে সব গুণাবলী রয়েছে সেসব দেহের বা কাজের অঙ্গিভঙ্গিতে প্রদর্শন করা)

১৭। মানুষের দৃষ্টি আকর্ষণ করা (অর্থাৎ মানুষের চোখে ভাল হওয়া)

১৮। সবকিছু আপনার অনুকূলে থাকবে বা আপনি যেভাবে ভাবছেন সেভাবে হবে এমনটি মনে করা

১৯। এবাদতে আনন্দ-উল্লাস প্রকাশ করা

২০। উপরের কিছু বিষয় বা দাবি যেমন ভবিষ্যৎ সম্পর্কে বলা এবং অপরের মনের খবর বলা সম্পূর্ণ শরীয়ত বিরুদ্ধী ।

উপরের সকল বিষয়সমূহ আমাদের চরম লক্ষ্য বা উদ্দেশ্য নয় । কিছু কিছু বিষয় প্রশংসনীয় এবং কিছু নিন্দনীয় ।

মূল লক্ষ্য :

উপরের আলোচিত বিষয়গুলো আমাদের মূল লক্ষ্য হওয়া উচিত নয় বরং আমাদের লক্ষ্য বা উদ্দেশ্য হওয়া উচিত পরিত্র কোরআন এবং হ্যরত মুহাম্মদ (সা:) এর সুন্নাহ্র আলোকে মহান আল্লাহর নৈকট্য লাভ করা । যথা-

১। বিশ্বাস বা আকিদা : অন্য কথায় আল্লাহ, ফেরেন্টা, রাসূল, কিতাব এবং পরকালের উপর ঈমান আনা ।

২। এবাদত : নামায, রোজা, হজ্জ, যাকাত, যিকর এবং তেলাওয়াত করা ।

৩। ওয়াদা বা চুক্তি রক্ষা করা : তথা যাবতীয় লেন-দেন ও কাজ-কারবার সম্পর্কিত চুক্তি

৪। সামাজিক জীবন-যাপন : পোষাক-পরিধান, খাওয়া-দাওয়া, নিদ্রা যাওয়া সহ জীবনের সাধারণ প্রয়োজনে হ্যরত মুহাম্মদ (সা:) এর সুন্নাতের অনুসরণ করা ।

৫। আখলাক বা চরিত্র : নিজেদের জীবনে হ্যরত মুহাম্মদ (সা:) এর চরিত্রের গুণাবলী হাসিলের চেষ্টা করা । যেমন-

দৈর্ঘ্য (বিপদ বা খুশীর সময় কোন ধরনের শরীয়তাত বিরোধী আমল অন্তরে, মনে বা কাজের মাধ্যমে প্রকাশ না করা ।

এখলাচ (নেক আমল একমাত্র আল্লাহর সম্পূর্ণ লাভের জন্য, দুনিয়াবী স্বার্থ হাসিলের জন্য নয়)

শুকুর আদায় (আল্লাহ হতে প্রাপ্ত সকল নিয়ামতের শুকুর আদায় করা এবং মনে এই ধারণা করা যে, যা কিছু নিয়ামত আল্লাহর নিকট থেকে এসেছে তা আমার নিজ ক্ষমতা বলে হয়নি)

যিকর (প্রতিটি মুহূর্ত মন-অন্তর ও রংহে আল্লাহর উপস্থিতি আছে বলে বিশ্বাস করা এবং মৌখিক ও শারীরিকভাবে এই ভাব প্রকাশ করা যে তিনি আমাকে দেখছেন এবং তার অনুসরণ করা)

তাওয়াক্কুল (প্রয়োজনীয় উপকর সংগ্রহ করা তবে সর্বদা আল্লাহর কুদরতের দিকে ধ্যানকে মনোনিবেশ করে যাবতীয় কিছু তাঁর উপর সপে দেওয়া এবং এর ফলাফলের তাঁরই উপর ছেড়ে দেওয়া)

তাকওয়া (আখিরাতের চিন্তা করা এবং দুনিয়ার প্রতি আসক্তহীন হওয়া)

[টীকা : মূল উদ্দেশ্য গুলোর সাথে অন্যান্যগুলো হাসিল হয়ে গেলে আল্লাহর শুকরিয়া আদায় করা আর হাসিল না হলে আল্লাহর নৈকট্য বা সম্ভোষ্টি লাভের জন্য কঠোর চেষ্টা করা।]

প্রশ্ন ৪ এই পথে চলতে হলে আমাকে প্রথমে কি করতে হবে?

উত্তর : আল্লাহর সাথে সম্পর্ক স্থাপনের এই পথে চলতে হলে তিনটি শর্ত পালন করতে হবে, তা নাহলে এই সফর শেষ করা যাবে না।

প্রশ্ন ৫ শর্তাবলী কি কি?

উত্তর : প্রথম শর্ত আকিদা বা বিশ্বাস : আকিদা বা বিশ্বাস হওয়া উচিত আহলে সুন্নাত ওয়াল জামাত মোতাবিক। আকিদার উদ্দেশ্য হল মানুষ কোন কোন জিনিষের উপর বিশ্বাস স্থাপন করবে এবং কি ধরনের বিশ্বাস রাখবে। আকিদার রয়েছে সাতটি স্তরঃ

১। আল্লাহ প্রতি বিশ্বাসঃ আল্লাহর সমস্ত গুণাবলীতে বিশ্বাস রাখা এবং তাঁর সঙ্গে কোন কিছুকে শরীক না করা। এ বিশ্বাস রাখতে হবে যে, কেউ তাঁর সমতুল্য নয় এবং তিনি কারো মতো নন। কেউ তাঁর অংশীদার নয় এবং তিনি কারো অংশ নন, তিনি জ্ঞান ও ধারণার উর্দ্ধে।

২। ফেরেশ্তাদের প্রতি বিশ্বাসঃ সকল ফেরেশ্তার উপর এই বিশ্বাস রাখা যে তারা নিষ্পাপ। তারা আল্লাহর ভক্ত্যের বাহিরে কোন কাজ করে না বরং তিনি যে আদেশ করেন তা তারা পালন করে।

৩। কিতাব সমূহ প্রতি বিশ্বাসঃ আল্লাহর নাযিলকৃত সকল আসমানী কিতাবের প্রতি ঈমান আনা কিন্তু কেবলমাত্র পবিত্র কোরআনের ইপর আমল করা। যা নাযিলের পর পূর্ববর্তী সকল আসমানী কিতাবসমূহ রাহিত হয়েছে (যেমন, তাওরাত, যবুর ও ইন্জিল)

৪। নবী-রাসূলগণ প্রতি বিশ্বাসঃ সকল নবী-রাসূলের উপর ঈমান আনা যে তারা সমস্ত মাখলুকাতের মধ্যে শ্রেষ্ঠ এবং যাবতীয় গোনাহ হতে পবিত্র। কিন্তু দুজাহানের সরদার, সকল নবী-রাসূলগণের নেতো হ্যরত মুহাম্মদ মুস্তফা ছাল্লালাহু আলাইহি ওয়া ছাল্লাম এর দেখানো পথের অনুসরণ করা।

৫। কিয়ামত দিবসের প্রতি বিশ্বাসঃ কিয়ামত দিনের উপর বিশ্বাস রাখতে হবে যে, সেদিন সকল মাখলুকাতকে আল্লাহ তায়ালার দরবারে হাজিরা দিতে হবে। যারা গত হয়েছেন বা যারা আগামীতে আসবেন প্রত্যেকেই তাঁর সামনে উপস্থি হতে হবে। সেদিন আল্লাহ পাক কাউকে পূরক্ষৃত করবেন অগণিত নিয়মত দিয়ে আবার কাউকে ইনসাপের সাথে শাস্তি দিবেন তার গোনাহের কারণে, সেদিন কারো উপর কোনরূপ জুলুম করা হবে না।

৬। তাকদীর বা ভাগ্যের উপর বিশ্বাসঃ এই বিশ্বাস রাখা যে, আল্লাহর জ্ঞান সকল সৃষ্টিকে পরিবেষ্টিত করে আছে এবং সকল কিছুর উপর একমাত্র তাঁর ক্ষমতা রয়েছে। তিনি যা ইচ্ছা তা করতে পারেন। বান্দার কোন কর্মই আল্লাহর জ্ঞানের বাহিরে নয়, বান্দার যাবতীয় আমল তিনি জানেন। বান্দা তার আমলসমূহ নিজের ইচ্ছা মতই করে থাকে, আল্লাহ ইজ্জতে রাবুল আলামীন কাউকে কোন আমল করতে বাধ্য করেন না। বান্দাকে তার ইচ্ছার স্বাধীনতা দান করেছেন। বান্দা ভাল কাজ করলে তিনি খুশী হন আর খারাপ কাজ করলে তিনি তার উপর নারাজ হন। ভাল-মন্দ কোন কিছুই তার কুদরতী জ্ঞানের বাহিরে নয়। এ বিশ্বাস রাখতে হবে যে, আল্লাহ পাক সকল প্রকারের দোষ-ক্রটি থেকে মুক্ত (যথা, মিথ্যা, জুলুম, অজ্ঞতা ইত্যাদি থেকে মুক্ত)।

৭। মৃত্যুর পরের জীবনঃ মৃত্যুর পরের জীবন বা পরকালের উপর বিশ্বাস রাখা। এই বিশ্বাস রাখতে হবে যে, মৃত্যুর পর সাবাইকে পুনরায় জীবিত করা হবে এবং সেখানে এক নতুন জীবন শুরু হবে, যে জীবনের কেবল শুরু আছে কিন্তু শেষ নেই অর্থাৎ সেখানে মৃত্যু নেই।

খতমে নবুয়ত :

আমাদের নবী হ্যরত মুহাম্মদ (সঃ) সর্ব শেষ নবী, তার পরে আর কোন নতুন নবী-রাসূল আসবেন না। যদি কেউ নিজেকে নতুন নবী হিসেবে দাবি করে তবে নিশ্চিতভাবে সে মিত্যাবাদী এবং ঈমান ও ইসলাম থেকে বাহিরে চলে যাবে। তার অনুসারীগণও ঈমান ও ইসলাম থেকে খারিজ বা বাতিল হয়ে যাবে। কিয়ামতের নিকটবর্তী সময়ে হ্যরত ঈসা (আঃ) এই পৃথিবীতে আসবেন আমাদের শেষ নবী হ্যরত মুহাম্মদ (সঃ) এর উম্মত হিসেবে। তিনি কোন নতুন শরীয়ত বা হ্রকুম-আহ্কাম নিয়ে আসবেন না, বরং তিনি পবিত্র কোরআন এবং হ্যরত মুহাম্মদ (সঃ) সুন্নাতের অনুসারী হয়ে সমগ্র পৃথিবীতে ইসলামী শাসন প্রতিষ্ঠিত করবেন।

ছাহাবায়ে কেরাম আহলে বাইয়াত (রাঃ) :

হ্যরত আবু বকর (রাঃ), হ্যরত ওমর (রাঃ), হ্যরত ওসমান (রাঃ) ও হ্যরত আলী (রাঃ) অন্য সকল ছাহাবী হতে উত্তম। তারপর দশজন সুসংবাদ প্রাণ ছাহাবী, তাদের পর বদরী ছাহাবী এবং ধারাবাহিকভাবে অন্যান্য ছাহাবীদের মর্যাদা রয়েছে। হ্যরত মুহাম্মদ (সঃ) এর পবিত্র স্ত্রীগণ (যেমন, হ্যরত খাদিজা, হ্যরত আয়েশা, হ্যরত হাফসা (রাঃ)) হলেন সকল বিশ্বাসীদের মা, তাদেরকে অবশ্যই সম্মান দিতে হবে। হ্যরত মুহাম্মদ মোস্তফা (সঃ) এর পরিবারবর্গ, হ্যরত ফাতেমা (রাঃ), হ্যরত হাসান (রাঃ), হ্যরত হোসাইন (রাঃ) যারা বেহেস্তের সরদার তারা হলেন আহলে বাইয়াতের মধ্যে অন্তর্ভৃত। যারা হ্যরত মুহাম্মদ (সঃ) এর ছাহাবী এবং আহলে বাইয়াতের উদ্দেশ্যে খারাপ কিছু বলে তারা হল অভিশপ্ত, যারা তাদের কে কাফির বলে গালি দেয়; তারা নিজেরাই কাফির।

আল্লাহর ওলীগণ :

সেসব নেক বান্দা রাসূল (সঃ) এর সুন্নাতের অনুসরণ করে আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য তাদেরকে আল্লাহর ওলী বলা হয়। তাদের সম্মান করলে বরকত হাসিল করা যায় আর তাদের সাথে বেয়াদবী করাটা একদম অনুচিত। ওলী তারাই যারা নিজেদেরকে হজুর (সঃ) এর সুন্নাতের উপর প্রতিষ্ঠিত রাখে। যদি আল্লাহ তায়ালা মর্জি করেন তবে তাদের মাধ্যমে কোন কেরামতী বা অসারাধন কিছু প্রকাশ করতে পারেন, তবে এটা বেলায়তের জন্য জরুরী নয়। সবচেয়ে বড় কেরামতী বা অলৌকিকতা হল নিজের জীবনকে হজুর (সঃ) এর সুন্নাতের এবং তার দেখানো জীবন-যাত্রার উপরে পুরোপুরি প্রতিষ্ঠিত করা।

শয়তানের ওলী বা সাথী :

যে লোক নিজেকে আল্লাহর ওলী হিসেবে দাবি করে এবং এমন কিছু কাজ মানুষের সামনে প্রদর্শন করে যে সে শুন্যে উড়তে পারে, পানিতে চলতে পারে অথবা অন্যের মনের খবর বলতে পারে কিন্তু মুহাম্মদ (সঃ) এর সুন্নাতের বিরোধীতা করে অবশ্যই সে শয়তানের ওলী বা সাথী। নামায ত্যাগকারী বা শরীয়ত সম্মত কারণ ছাড়ায় জামাতে নামায না পড়া, দাঢ়ি কামানো, অপরিচিত বেগানা মহিলার সঙ্গে মেলামেশাকারী পুরুষ, অপরিচিত পুরুষের সঙ্গে মেলামেশাকারীনি মহিলা, ভাগ্য গণনাকারী আল্লাহর ওলী বা বন্ধু হতে পারে না। যেসব লোক তাদের স্বপ্ন বা খেয়ালের ভিত্তিতে শরীয়তের মধ্যে নতুন কিছু ঢোকানোর চেষ্টা করে তারাও শয়তানের অনুসারী, পথভৃষ্ট এবং দীনহীন। তাদের মধ্যে এই সব লোকেরাও শামিল যারা নামায আদায় করেনা কিন্তু বলে আমাদেও অন্তর সব সময় নামাযের মধ্যেই রয়েছে। আরো বলে আমাদের ইবাদত ও সুন্নত এর উপর চলার দরকার নেই, কারণ আমরা পৌঁছে গেছি। হ্যাঁ, এটা সত্য- তারা পৌঁছে গেছে। তবে কোথায় পৌঁছে গেছে তারা? তারা পৌঁছে গেছে গোমরাহী ও জাহানামের তলদেশে, না তারা পৌঁছাতে পারবে আল্লাহর কাছে, না তারা অর্জন করতে পারবে আল্লাহর সন্তুষ্টি। (আকিদায়ে তাহাবী, শরহে ফিকহুল আকবার, তাকমিলুল ঈমান)

ঈমানের প্রধান প্রধান অঙ্গ-প্রতিক্রিয়া, যা উপর বিশ্বাস স্থাপন করা এবং মেনে চলা প্রত্যেক মুসলমানের জন্য আবশ্যিক।

ঈমানের ভিত্তি (যার প্রতি বিশ্বাস আনা আবশ্যিক)	ইং জিল গ্র	চৰ জি লে ন	মার হৰ ণ	ঈমানের প্রাথমিক বিশ্বাস অর্জনের জন্য যে সব বই পাঠ করা দরকার	মন্তব্য/ অভিজ্ঞতা
আল্লাহ				‘ফিকাতুল আকবার’ [লেখক- ঈমাম আবু হানিফাহ (রহঃ)]	
ফেরেস্তা (মালাইকাহ)				‘আকিদায়ে তাহাবী’ [লেখক- ঈমাম তাহাবী (রহঃ)]	
আসমানী কিতাবসমূহ				‘আকিদা’ [লেখক- আহমদ দারবাহ]	
নবী-রাসূলগণ				‘ঈমানের ভিত্তি বা স্তুতি’ [লেখক- ঈমান মুহাম্মদ গাজালী (রহঃ)]	
শেষ বিচারের দিন (কিয়ামত)				‘তাকমিলুল ঈমান’ [লেখক- হযরত আব্দুল হক মুহাম্মদিসে দেহলবী (রহঃ)]	
তাকদীর বা ভাগ্য					
মৃত্যুর পরের জীবন (আখিরাত বা পরকাল)					

প্রশ্ন ৪ দ্বিতীয় শর্ত কি?

উত্তর ৪ ঈমান-আকিদা বা বিশ্বাসের সম্পর্ক মানুষের অন্তর ও জ্ঞানের সাথে, দেহের সাথে এর কোন সম্পর্ক নেই। যে দেহ আমাদের নিকট আমান্ত হিসেবে রয়েছে তাকে আমরা কিভাবে ব্যবহার করব? কোন কোন আমল দ্বারা আল্লাহ তায়ালা রাজী হয়ে যান আর কোন কোন আমলের দ্বারা আল্লাহ পাক নারাজ হয়ে যান? কিভাবে ইবাদত করা উচিত? এই প্রকারের ফিকাহ বা মাসলা-মাসায়েল অর্থাৎ হালাল থেকে হারাম এবং হারাম থেকে হালাল পার্থক্য করাকে জ্ঞান বা ইলম বলে। সবচেয়ে গুরুত্বপূর্ণ হল, বান্দাকে জানতে হবে গোসল, ওয়, নামায, রোজা, হজ্জের মত আমলগুলোকে নষ্ট হয়ে যেতে পারে? বান্দাকে শরীয়ত সম্পর্কিত এই সব জ্ঞান বা ইলম অর্জন করা দরকার। উদাহরণ স্বরূপ বলা যেতে পারে, গোসলের রয়েছে তিনটি ফরজ, ১- গরগরা কুলি করা, ২- নাকে পানি দেওয়া যাতে পানি নাকে নরম অংশ পর্যন্ত পৌঁছে, ৩- শরীর ধোত করা (সমস্ত শরীরে এমনভাবে পানি ঢালতে হবে যাতে চুল পরিমাণ জায়গা বাঁকি না থাকে)। গোসলের মধ্যে এই তিনটি কাজ না করলে গোসল আদায় হবে না আর ঐ অবস্থায় কোন ইবাদাত গ্রহণযোগ্য হবে না বরং নেকীর বদলে মারাত্মক পাপ হতে পারে।

ফিকাহ এর মাসলা-মাসায়েল (ইবাদত ও জীবনযাপনের জন্য জরুরী ইসলামী নিয়ম-কানুন) :

ফিকাহ (ইসলামী আইন- কানুন)	ফরজ (অবশ্যই পালনীয়)	ওয়াজিব (দরকারী)	সুন্নাহ (নবীর দেখানো পথ)	মুস্তাহব (করলে ছওয়ার, না করলে গুণা হবে না)	মাকরহ (অপচন্দ করা)	মুফছিদাত (যেসব কাজ নিষ্ফল করে দেয়)
ইসতেওগা (গোপন জায়গা ধৌত করা)						
ওয়ু						
গোসল						
নামায						
রোজা						
যাকাত						
হজ্জ						
ওমরা						
আয় এবং ব্যয় করা (শরীয়ত মতাবেক)						

প্রশ্ন ৪ আল্লাহকে রাজী করানোর তৃতীয় শর্ত কি?

উত্তর ৪ : অতীতের খারাপ আমলের সংশোধন করা। এর চাইতে উত্তম কি হতে পারে যে, বান্দা তার আগামী জীবন আল্লাহ তায়ালার নির্দেশ এবং পেয়ারে হাবীব রাসুল ছাল্লালাহু আলাইহি ওয়া ছাল্লামের সুন্নাতের অনুযায়ী পরিচালিত করবে। কিন্তু, বান্দা যদি তার অতীত জীবনে আল্লাহর হক অথবা রাসুল (সঃ) এর হক কিংবা মাখলুকাতের হক নষ্ট করে থাকে, তবে তাকে সেই হক আদায় করে নিতে হবে অথবা ক্ষমা চেয়ে নিতে হবে।

প্রশ্ন ৫ আল্লাহর হক সমূহ কি?

উত্তর ৫ আল্লাহর হক সমূহ :

- ১) আল্লাহর সাথে কাউকে শরীক না করা অর্থাৎ শিরক না করা।
- ২) ইবাদত করা কেবলমাত্র তাঁর সন্তুষ্টি অর্জনের জন্য, মানুষকে দেখানোর জন্য নয় বা মানুষের কাছ থেকে সম্মান লাভের উদ্দেশ্যে নয়।

আল্লাহর সন্তুষ্টি লাভের চারটি উপায়

চৰম

লক্ষ্য আল্লাহর

সন্তুষ্টি এবং

ক্ষমা

- নেক বা ভাল কাজসমূহ করবো শুধুমাত্র আল্লাহকে রাজি করার জন্য; অন্য কোন উদ্দেশ্যে নয়।

মনে রাখতে হবে যে, আমি ধার্থনা দ্বারা আল্লাহর হক আদায় করতে সক্ষম নয়, ব্যক্তিগতভাবে সম্পর্কে সমক্ষ অবগত।

থৃক্তগুরুত্বে আমি আল্লাহ পাকের অশেষ কর্মান্বয় সহজ-সরল পথে চলতে পারছি এবং তাঁর সন্তুষ্টি লাভ করতে পারব।

মনে এই ধারণা রাখা যে, আল্লাহ এবং তাঁর জাত বা সন্তা সর্বদা বিরাজমান

4

1

মনে-থাণে,
কাজে-কর্মে
এবং আভরিক
ও মৌখিকভাবে
আল্লাহ এবং তাঁর
আদেশ-বিধেয়কে
সবকিছুর উপরে
প্রাধান্য দেওয়া।

2

(আল্লাহ তায়লার পর)
হ্যারত মুহাম্মদ
(সান্ন) এবং তাঁর
সুন্নাহকে সবচেয়ে
বেশী ভালবাসা,
সম্মান করা এবং
জীবনের প্রতিটি
ক্ষেত্রে সুন্নাতের
অনুসরণ করা।

3

মাখলুকাত বা সষ্ঠি সমূহের হক আদায়
করে তাদের প্রতি সহানুভূতি প্রকাশ করা।
ক. পর্যবেক্ষণ সহযোগিতা
খ. পরকাল
খন্দ-বন্ধ-বাসস্থান
এবং অন্যান্য প্রয়োজন
সমূহ পূরণ করা।

ভাল কাজের দিকে ডাকা
এবং খারাপ কাজ থেকে
বিরত রাখা।

তারীক্ত (পথ)

শাঈখ / শিক্ষক

প্রাপণ চেষ্টা করা

পরিশ্রম/থেষ্টা

(মুয়াবদাহ)

ইস্তিকামাহ

(চলতে থাক)

- ৩) অতীতে যদি কোন নামায বাদ পরে থাকে তবে সেসব নামাযের কায়া আদায় করে নেয়া এবং এজন্য আল্লাহর দরবারে তওবা করে ক্ষমা ভিক্ষা করা।
- ৪) রোজা কায়া হলে অর্থাৎ কোন কারণে নষ্ট হয়ে গেলে তা পূরণ করে দেওয়া এবং শরীয়ত মতাবেক কাফ্ফারা আদায় করা।
- ৫) সম্পদের যাকাত আদায় করা (যা অতীতে আদায় করা হয়, তার হিসেব করে আদায় করে নেওয়া)।
- ৬) হজ্জ ফরজ হয়ে গেলে সাথে সাথে তা আদায় করে নেওয়া।
- ৭) যদি কেউ কোন মান্ত করে থাকে বা আল্লাহর সাথে কোন ওয়াদা করে থাকে, অথবা কোন কসম খেয়ে থাকে কিন্তু পূরণ করেনি তবে তা পূরণ করা বা তার কাফ্ফারা আদায় করা।

প্রশ্ন ৪ : আল্লাহর রাসুল হযরত মুহাম্মদ মোস্তফা (সঃ) এর হক সমূহ কি কি ?

উত্তর ৪ : হযরত মুহাম্মদ (সঃ) এর হক সমূহ :

- ১) হযরত মুহাম্মদ (সঃ) এবং তার নবুয়তের উপর পুরাপুরি বিশ্বাস স্থাপন করা।
- ২) পরিবার-পরিজন, সন্তান-সন্ততি, বাবা-মা এবং সৃষ্টিজগতের সবার চাইতে এবং সবকিছুর চেয়ে বেশী হযরত মুহাম্মদ (সঃ) কে মহৱত করা।
- ৩) হ্যুর (সঃ) এর সাথে সম্পর্কিত সকল বিষয়ের প্রতি সম্মান করা, পরিপূর্ণ মর্যাদা দেওয়া যেমন- তার দ্বীন, সুন্নাহ এবং তার দেখানো পথ।
- ৪) শরীয়ত, সুন্নাত ও তরীকা মানতে হবে- যেভাবে রহমতের নবী হযরত মুহাম্মদ (সঃ) তার জীবনযাপনের মাধ্যমে আমাদেরকে দেখিয়ে দিয়ে গেছেন।
- ৫) হযরত মুহাম্মদ (সঃ) এর দেখানো পথে মানুষকে দাওয়াত দিতে হবে অর্থাৎ তাবলীগ করতে হবে যেভাবে রাসুল (সঃ) করেছেন।

প্রশ্ন ৫ : নিজের জাত ও নফসের কি কি অধিকার বা হক রয়েছে?

উত্তর ৫ : নিজের সত্ত্বার বা নফসের হক সমূহ :

- ১) আল্লাহর অসন্তুষ্টি থেকে এবং জাহানামের আগুন থেকে নিজেকে নিরাপদ রাখতে হবে।
- ২) শারীরিক সুস্থিতার দিকে খেয়াল রাখতে হবে।
- ৩) প্রয়োজন মত নিদ্রা ও আরাম করতে হবে।
- ৪) শরীরকে পাক-পবিত্র রাখতে হবে।
- ৫) হালাল রিয়িক দ্বারা জীবিকা নিরবাহ করতে হবে।

প্রশ্ন ৬ : মাখলুকের হক সমূহ কি কি?

উত্তর ৬ : মাখলুকের হক সমূহ :

- ১) সম্পদের প্রতি হক : সম্পদের হক অর্থাৎ অতীত জীবনে যদি অন্যায় ভাবে কারো থেকে সম্পদ দখল করা হয় যেমন- জমিজমা, টাকা-পয়সা, সোনা-রূপা, অন্যান্য অলংকার ইত্যাদি। তাহলে ঐ সব অন্যায় ভাবে দখলকৃত সম্পদ তার মালিকের নিকট ফেরত দিতে হবে বা তার প্রকৃত ওয়ারিশদের কাছে পৌঁছে দিতে হবে এবং এর জন্য ক্ষমা চেয়ে নিতে হবে। যদি তাদের কাউকে না পাওয়া যায় তবে তাদের পক্ষ থেকে সাদকাহ করতে হবে এবং আল্লাহর কাছে ক্ষমা চাইতে হবে।
- ২) জানের হক বা শরীর ও মনের প্রতি হক : যদি অন্যায়ভাবে কাউকে কষ্ট দিয়ে থাকেন বা হত্যা করেন অথবা মানসিকভাবে কষ্ট দেন, অবশ্যই তার নিকট থেকে ক্ষমা চেয়ে নিতে হবে।

৩) মান-সম্মানের প্রতি হক : কারো প্রতি মিথ্যা অপবাদ দেয়া, গীবত গাওয়া, কুৎসা রটা, বদনাম করা, মিথ্যা সাক্ষী দেওয়া, কাউকে কেন্দ্র করে এমন হাসি-ঠাট্টা করা যাতে তার সম্মানের হানি হয়, তাহলে অবশ্যই ঐ ব্যক্তির কাছ থেকে ক্ষমা চেয়ে নিতে হবে।

নোট ৪(যাদের হক নষ্ট করেছেন) ঐ সকল ব্যক্তির নিকট মাফ নিয়ে আল্লাহর দরবারে ক্ষমা চেয়ে তওবা করতে হবে।

৪) যদি কোন জন্ম-জানোয়ার বা পুশ-পাখিকে অন্যায়ভাবে আঘাত বা তাদের উপর জুলুম করেন, তার ক্ষতি সাধন করেন, অথবা মেরে ফেলেন তবে বিলম্ব হওয়ার আগেই আল্লাহর কাছে ক্ষমা চেয়ে তাওবা করা উচিত।

৫) পরিশেষে আল্লাহর কাছে ফরিয়াদ করতে হবে যে, হে আল্লাহ্ যাদের হক আমার দ্বারা বিনষ্ট হয়েছে কিন্তু সে সম্পর্কে আমার জানা নেই; তার জন্য আমাকে শাস্তি দিওনা বরং আপনার করণা গুণে মাফ করে দিও।

আল্লাহ্ তায়ালা ও বান্দাদের হকসমূহের একটি জরুরী মাসলা :

- প্রাণ বয়স্ক মুসলমানের জন্য উচিত সে একটি ওসিয়ত লিখে দিবে। হাদিসের ভাষায় : মুমিনের জন্য এটা উচিত নয় যে সে ওসিয়ত ছাড়া একটি রাতও কাটাবে।
- ওসিয়তে এটা লিখে দিবে যে তার দ্বারা কৃত কোন কোন হক আল্লাহর কাছে বাঁকী রয়েছে। যেমন- নামায, রোজা, হজ্জ, যাকাত ইত্যাদি। সাথে সাতে এও ওসিয়ত করবে যে তার মাল থেকে শরীয়ত মাফিক অংশ বের করে যাতে দান করা হয়।
- মানুষের সাথে যে সব লেন-দেন আছে তার পুরোপুরি লিখে রাখবে। কাকে টাকা-পয়সা দিবে আর কার কাছে থেকে নিবে ও কার নিকট ক্ষমা চাওয়া বাঁকী রয়েছে তাও লিখে দিবে।
- তারপর নিজের আত্মীয়-স্বজনদের, স্ত্রী, সন্তানদেরকে দীন ও সুন্নাতের উপর প্রতিষ্ঠিত থাকার জন্য বলবে এবং দুনিয়ার দ্বারা ধোকা খাওয়ার প্রতি সর্তক করবে। আল্লাহ্ তায়ালার সন্তুষ্টি লাভের জন্য তাদেরকে উপদেশ দিবে, যেমনভাবে মরণের কাছাকাছি পৌছে যাওয়া ব্যক্তি করে থাকে। তাতে নিজের জানায়া, দাপন-কাপন সম্পর্কিত বিষয়ের প্রতি নিজের ইচ্ছা প্রকাশ করবে।
- যদি কেউ তার ওসিয়তে শরীয়তে মুহাম্মাদীর বিপরীত কোন কিছু লিখে দেয় তবে তা পূর্ণ করা হবে না। যদি এমন করা হয় তবে ওসিয়তকারী ও তার ওসিয়ত পূরণকারী উভয়েই আল্লাহর নিকট দোষী বলে গণ্য হবে।

কিভাবে হক সমূহ পূরণ করা যায়?	আল্লাহর হক ও বান্দার হক সমূহ	হকের সম্পর্ক
	তাওহীদ ও এখলাচ, নামায, রোজা, যাকাত, হজ্জ, মানুত, মহৰত, ইবাদত-বন্দেগী, আনুগত্য, সম্মান প্রদর্শন	আল্লাহর হক
	ঈমান বা বিশ্বাস, মহৰত, আদব, সম্মান ও মর্যাদা প্রদর্শন, সুন্নাতের অনুকরণ, দীনের দাওয়াত ও তাবলিগ	রাসূল (সঃ) এর হক
	আখিরাতের আয়ার থেকে বাঁচা, সুস্থ্যতার প্রতি খেয়াল রাখা, হালাল রিয়িক তালাস করা, পাক-পবিত্র থাকা	নফসের হক
	(ব্যক্তির) জান-মাল, সম্মান, মর্যাদা এবং (ব্যক্তিকে দেওয়া) ওয়াদা পূরণ করা	মানুষের হক
	(মাখলুকের) প্রতি ভালবাসা, অন্যায় না আচরণ করা, অপব্যয় না করা, কোন নিয়ামত নষ্ট না করা	মাখলুকের প্রতি হক

তওবা করার নিয়মাবলী :

তওবার অর্থ এবং উদ্দেশ্য :

তওবা হল সেই দরজা যার মধ্য দিয়ে গোনাগার বান্দার আল্লাহ'র সন্তুষ্টি অর্জনের পথে প্রবেশ করতে পারে। তওবার শান্তির অর্থ ফিরে আসা বা প্রত্যাবর্তন করা অর্থাৎ গোনাগার বান্দা গোনার সীমানা থেকে নেকীর দিকে ফিরে আসা, জাহানামের অগ্নি থেকে জানাতের চিরশান্তির দিকে ফিরে আসা, দুনিয়ার আসঙ্গ থেকে পরকালের দিকে, শয়তানের তাবেদারী বা অনুকরণ করা থেকে রাসূল (সঃ) এর অনুসরণ-অনুকরনের দিকে, গায়রঞ্জাহর অনুসরণ থেকে এক আল্লাহ'র অনুসরনে, সৃষ্টিকে তুষ্টি থেকে সৃষ্টির তুষ্টির দিকে, আল্লাহ'র দূরত্ব থেকে তাঁর নিকটে, আল্লাহ'র পাকরাও থেকে তাঁর ক্ষমার দিকে, আল্লাহ'র অসন্তোষ থেকে তাঁর সন্তুষ্টি লাভের দিকে ফিরে আসা। সমস্ত ভুল এবং বাতিল পথ ছেড়ে দিয়ে সহজ-সরল সত্যের পথে ফিরে আসা যা সিরাতে মুস্তকীম নামে পরিচিত এবং এই পথেই যাত্রা আরম্ভ করা।

তওবার দু'রাকাআত নফল নামায :

আল্লাহ'র দরবারে তাওবা করার জন্য তওবাকারীকে দু'রাকাআত নফল নামাযের উদ্দেশ্যে ভালভাবে ওয়ু করে নেওয়া উচিত এবং পূর্বের কৃত গোনাহের স্মরণ করে অনুতপ্ত হওয়া এবং অঙ্গসিঙ্গ হয়ে আন্তরিকভাবে সবটুকু আবেগ উজার করে দিয়ে আল্লাহ'র জাল্লেশানহুর নিকট এই বলে ক্ষমা প্রার্থনা করতে হবে যে, “হে আল্লাহ, তুমি ব্যতিত আমার আর কোন স্রষ্টা নেই, নিশ্চিতই আমি ছাড়া তোমার অগণিত বান্দা রয়েছে কিন্তু আমার গোনাহ সমূহ মাফ করার মত কেহ নেই, একমাত্র তুমি ছাড়া। হে দয়াময় খোদা, তোমার অশেষ করণ্যায় আমাকে ক্ষমা করে দাও এবং বাঁকি জীবনটা গোনাহ থেকে বাঁচিয়ে রাখো। উক্ত দু'রাকাআত নফল নামাযের পূর্বে এবং পরে সরদারে আলম ইমামুল মুরসালীন কায়ানাতে রাসূল হ্যরত মুহাম্মদ মুস্তফা (সঃ) এর প্রতি দরংদ ও ছালাম পেশ করা উচিত। তওবার উক্তম সময় হল শেষ রাত্রি, যখন আল্লাহ' উজ্জ্বলে রাবুল আলামীন স্বীয় বান্দাকের লক্ষ্য করে ঘোষণা দেন- ‘কেউ কি আছে যে তার গোনাহসমূহের জন্য ক্ষমা চাইবে?’”

তাওবা না করা এবং তওবা করতে দেরী করা উচিত নয় :

নিচের উল্লেখিত শর্ত মৌতাবেক তওবা করা জরুরী। তওবা করার সময় বান্দা মনে মনে দৃঢ় ইচ্ছা পোষণ করবে (অঙ্গিকার নয়) যে ভবিষ্যৎ জীবনে গুনাহের কাজ থেকে নিজেকে দূরে রাখবে। তাওবা করার পর বান্দা যদি আবারও গোনাহ করে বসে তবে সঙ্গে সঙ্গে আল্লাহ'র দরবারে তওবা করে নিবে। যদি গোনাহ নাও করে তবেও তওবা করবে। তওবা করা থেকে নিজেকে বিরত রাখা উচিত নয়। কারণ, আল্লাহ' তায়ালা বার বার তওবাকারীকে পছন্দ করেন। আর মনে রাখা দরকার যে, কোন বান্দাই গোনাহ থেকে মুক্ত বা মাছুম নন, কেবলমাত্র ফেরেন্টা ও নবী-রাসূলগণ সমস্ত গোনাহ থেকে পবিত্র এবং মাছুম।

তওবা সম্পর্কিত শয়তানের ধোকা ও প্রতারণা :

বারবার গোনাহ করা আর কৃত গোনাহসমূহের জন্য তওবা না করেই আল্লাহ' তায়ালার ক্ষমা পাওয়ার আশা করা শয়তানের ধোকা ছাড়া অন্য কিছুই নয়। ক্ষমা না চেয়েই ক্ষমা পাওয়ার আশা করা একটা মন্ত বড় বোকামী ছাড়া কিছুই নয়, যার ফল নিরাশা আর ধোকা ছাড়া অন্য কিছু হতে পারে না। উদাহরণ স্বরূপ বলা যেতে পারে, ফলের গাছ না লাগিয়ে অথবা ফসলের বীজ বোপন না করেই ফল পাওয়ার আশা করা। এখানে, গাছ বা বীজ হল তাওবা আর ক্ষমা হল এর ফল।

কোন সময় পর্যন্ত বান্দা তওবা করতে পারে?

বান্দা ততক্ষণ পর্যন্ত তওবা করতে পারে যতক্ষণ পর্যন্ত তার রংহ দেহ থেকে বের হয়ে যায়নি এমনি কি বান্দার মৃত্যু তার কর্তনালীতে পৌঁছার পূর্বমুহূর্ত পর্যন্ত তাওবা করতে পারবে। নিশ্চয় তওবার দরজা বন্ধ করে দেওয়া হবে কিয়ামতের নিকটবর্তী সময়ে যখন সূর্য পশ্চিম দিক থেকে উদিত হবে। এরপর কোন তাওবাকারীর তওবা করুল করা হবে না।

তওবার চারটি শর্ত :

- ১) পূর্বের গুনাহের জন্য অনুতপ্ত ও লজ্জিত হওয়া।
- ২) কোন প্রকার গুনাহের কাজে লিঙ্গ থাকলে, সঙ্গে সঙ্গে তা পরিহার করা (ছেড়ে দেওয়া)।
- ৩) বাঁকি জীবনে গুনাহ না করা দৃঢ় ইচ্ছা পোষণ করা।
- ৪) যদি আপনার দ্বারা আল্লাহ্ তায়ালা ও তাঁর রাসূল (সঃ) এবং তাঁর সৃষ্টি মাখলুকের হক বা অধিকার নষ্ট হয়ে থাকে তবে শরীয়তের আইন অনুযায়ী হকসমূহ আদায় করে নিতে হবে।

তওবা সঠিক হওয়ার সাহার্যকারী কার্যসমূহ :

- ১) এখলাচ- গুনাহের কাজ ছেড়ে দেওয়া শুধুমাত্র আল্লাহ্ ভয়ে অন্য কারো ভয়ে নয়, মানুষ খারাপ বলবে বা দোষী সাবস্ত্য করবে এ জন্যও নয়।
- ২) তার তওবাও সঠিক হবে না যদি সে গুনাহের কাজ ছেড়ে দেয় প্রার্থিব কোন সুবিধা বা বড় পদ পাওয়ার আশায়।
- ৩) তার তওবাও সঠিক নয়, যে গুনাহের কাজ ছেড়ে দেয় অন্য কারো জন্য।
- ৪) তার তওবাও সঠিক নয়, যে রোগ থেকে মুক্তি পাওয়ার আশায় অথবা শারীরিক সুস্থিতা বজায় রাখার জন্য গুনাহের কাজ ছেড়ে দেয়। উদাহরণ স্বরূপ বলা যায়, বেহায়পনা বা পুরুষ-মহিলার অবৈধ্য মেলামিশা। যদি কেউ এইডস্নামক মরণব্যবধি থেকে দূরে থাকার জন্য বেহায়পনার মত গুনাহ ছেড়ে দেয় তার তাওবাও কবুল হবে না।
- ৫) সেই চোরের তাওবাও সঠিক হবে না, যে চুরি ছেড়ে দিয়েছে এই জন্য যে সে ঘরে প্রবেশ করার কোন দরজা খুঁজে পায়নি অথবা ঘরে প্রবেশ করলে বিপদ হতে পারে অথবা পাহারাদারের কারনে ঘরে প্রবেশ করতে পারছে না।
- ৬) সেই তওবাকারীর তওবা কবুল হবে না যে নেশা ও মদ্য পান ছেড়ে দিয়েছে দারিদ্র্যতার ভয়ে।
- ৭) সেও প্রকৃত তওবাকারী নয় যে আপাতত গুনাহের কাজ থেকে নিজেকে বিরত রেখেছে পার্থিব সুযোগ-সুবিধা লুটে নেওয়ার জন্য। যেমন, যেনাকারীর শারীরিক শক্তি লোপ পাওয়া, অঙ্গ লোকের খারাপ দৃষ্টি না করা।

তওবার উপর দৃঢ় থাকার সাহার্যকারী কার্যবলী :

- ১) তওবাকারীকে সকল প্রকার প্রকাশ্য এবং অপ্রকাশ্য গুনাহ থেকে বিরত থাকা উচিত। প্রকাশ্য গুনাহ অর্থাৎ যেসব গুনাহের কাজের লিঙ্গ আছে বা লিঙ্গ হতে পারে সেসব ছেড়ে দেওয়া। আর অপ্রকাশ্য গুনাহ হল অন্তরকে গুনাহের চিন্তা-ফিকির থেকে বিরত রাখা। অতীতের গুনাহ ও পাপচারের কথা স্মরণ করে আনন্দ উল্লাস না করা এবং পুনরায় একই গুনাহ করার ইচ্ছা পোষণ না করা অথবা ভবিষ্যতে আরো গুনাহের কাজে লিঙ্গ হওয়ার ইচ্ছা পেশ না করা।
- ২) তওবাকারীকে সেসব গুনাহ থেকে বিরত থাকা উচিত যা সে অতি নগন্য গুনাহ বলে মনে করে। কারণ, ঐ সব ছোট ছোট গুনাহ বড় গুনাহের প্রতি উৎসাহিত করবে। যেমন, কুন্দন যেনার প্রতি আগ্রহ বাঢ়ায়।
- ৩) যেসব বিষয়- বন্ধু পাপের পথে নিয়ে যায় সেসব ত্যাগ করতে হবে। যেমন, অতি আধুনিকতা, মদ, অশ্লীল ছবি, গান, বাদ্যযন্ত্র ইত্যাদি।
- ৪) ঐ সব জায়গা থেকে দূরে থাকবে যেখানে গুনাহ করার সুযোগ করে দেওয়া হয়।
- ৫) ঐ সব বন্ধু-বান্ধবের কাছ থেকে দূরে থাকবে যারা পাপ কাজে উৎসাহ দেয় এবং আহ্বান করে। বরং ঐ সব বন্ধু-বান্ধবের সাথে মিশবে যারা ভালো কাজে উৎসাহ দেয়।
- ৬) কোন কোন সময় বিশেষ ধরনের কারাপ কাজ একজন লোকের উপর এমন ভাবে প্রভাব ফেলে যে ঐ খারাপ কাজ থেকে বের হয়ে আসা তার জন্য কঠিন হয়ে যায়। যেমন, কোন দলের নেতা, গায়ক দলের প্রধান, অভিনেতা-অভিনেত্রী ইত্যাদি।
- ৭) কেউ কেউ তওবা করতে এত বিলম্ব করে যে অনেক সময় মৃত্যু এসে যায়, অনেক সময় অন্তরে সীলমোহর এঁটে দেওয়া হয়। স্মরণ রাখা দরকার, তওবা করতে দেরী করাটাও এক প্রকারের গুনাহ, এই গুনাহের জন্যও তওবা করা দরকার।

৮) এই বিশ্বাস রাখতে হবে যে, নিজের তওবার মধ্যে ভুল-ক্রটি-বিচুতি কমতি থাকতে পারে এবং এই তওবা কবুল নাও হতে পারে অথবা এর মাধ্যমে পরিপূর্ণ ক্ষমা নাও মিলতে পারে। সুতরাং আল্লাহর রহমতের উপর ভরসা করতে হবে এবং এর জন্য দোয়া করতে হবে।

৯) এর জন্য দরকার যিকর ও নসিহত এর সমাবেশে হাজির হওয়া এবং আখিরাতের স্মরণের জন্য কবরস্থানের যিয়ারত করা।

১০) এ জন্য আরো দরকার একজন নেকার বান্দার সঙ্গে থাকা, যে সঠিক পথে চলতে এবং আল্লাহর নৈকট্য লাভের পথে সাহায্য করতে পারবে।

১১) যে শরীর হারাম ও অবৈধ খাদ্য দ্বারা বেড়ে উঠেছে এবং এর যাবতীয় শক্তি যা আল্লাহর পথে ব্যয় করা হয়নি; এখন থেকে সেই শরীর ও এর শক্তি আল্লাহর পথে ব্যয় করা এবং হালাল খাদ্য গ্রহণের মাধ্যমে আগামীতে এই শরীরকে পবিত্র করা দরকার।

শয়তানী ধ্যান-ধারণা মানুষকে তওবা থেকে বিরত রাখে :

১) অনেক সময় কিছু লোক বলে বেড়ায় যে, আমি তো তওবা করতে চাই কিন্তু এর দ্বারা আল্লাহ যে আমাকে ক্ষমা করে দিবেন এর নিশ্চয়তা (গ্যারান্টি) কোথায়?

২) কিছু লোক বলে যে, আমার গুনাহ অনেক বেশী এবং আমি ক্ষমার যোগ্য নই।

উত্তর : মাফ তো আপনা থেকে আসে না বরং আল্লাহর থেকে মাফ চেয়ে নিতে হয়। আল্লাহ জাল্লেশানহ পবিত্র কোরআনে এরশাদ করেন : “হে বনি আদম, যদিও তোমার গুনাহ আকাশ পর্যন্ত পৌঁছে যায় তথাপি তোমরা আমার নিকট ক্ষমা প্রার্থনা কর, আমি তোমাদের ক্ষমা করে দিব।”

হাদিস শরীফে এসেছে : “এক ব্যক্তি হ্যুর (সঃ) এর খেদমতে হাজির হয়ে আরজ করল, ইয়া রাসুলাল্লাহ ঐ ব্যক্তির ব্যাপারে কি ভুক্ত যে কিনা সকল প্রকার গুনাহের কাজে লিঙ্গ থাকে, না ছোট না বড়, তার কি তওবা করার অবকাশ আছে? হ্যুর (সঃ) জিজ্ঞেস করলেন তুম কি মুসলামন হয়েছ? সে উত্তর দিল হ্যঁ এবং কালিমা সাহাদাত পাঠ করল। ভাল কাজ কর এবং খারাপ কাজ থেকে বিরত থেকো, আল্লাহ তোমার বিগত খারাপকে নেকীর মাধ্যমে পরিবর্তন করে দিবেন। সে বলল, আমার প্রতারণা ও নাফরমানীকেও কি ক্ষমা করে দিবেন? হ্যুর (সঃ) ফরমান, হ্যঁ, তখন সে পরপর তাকবির উচ্চারণ করে তার চোখকে উজ্জল করে দিল বা তার চক্ষু ছল ছল করতে লাগল। (মুসনাদে আহ্মদ- ইমাম আহ্মদ বিন হাস্বল, মিনহাজুল কাশীদ্বীন ইবনে কুদামা মাকদিসি, তাওবা সৈয়দ মুহাম্মদ সালিহ)

পথ চলা শুরু

যখন কেউ উপরোক্ত তিনটি শর্ত পূরণ করে অর্থাৎ আকিন্নাকে সংশোধন করে নেয় এবং ফিকাহ্র জরুরী মাসাইলের জ্ঞান হাসিল করে এবং অতীত জীবনে আল্লাহ ও তাঁর মাখলুকের অধিকার প্রদানে যে ক্রটি-বিচুতি ঘটেছে তা আদায় করে নেয় তখন সর্ব প্রথম তার নিয়তকে ঠিক করে নিতে হবে। এরপর প্রতিজ্ঞা করবে যে আমি যা কিছু করছি সে সবই আখিরাতে সফলতা লাভ ও আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য, মানুষের কাছে সম্মান অর্জনের জন্য নয় বা লোক দেখানোর জন্য নয় অথবা কোন সম্পদ হাসিলের জন্যও নয়।

প্রথম স্তর/ধাপ- পবিত্রতা : সাতটি অঙ্গের তাকওয়া বা পরহেজগারী

প্রথমে স্তরে বা ধাপে শরীরের সাতটি অঙ্গকে যাবতীয় গুনাহ থেকে পবিত্র রাখার চেষ্টা করতে হবে। মূলত বান্দা এই সাতটি অঙ্গের দ্বারা নেক কাজ অথবা গুনাহের কাজ করে থাকে।

- ১) জিহবা ২) কান ৩) চোখ ৪) পেট ৫) হাত ৬) লজ্জা স্থান ।

যখন কেউ ঐ সমস্ত অঙ্গ ব্যবহার করে কোন গুনাহের কাজ করে তখন তার অন্তরে একটি কালো দাঢ় পড়ে যায়। যদি সে তওবা না করে তবে ধীরে ধীরে কালো দাগ তার সমস্ত অন্তরের ছড়িয়ে পড়ে। তখন সে সত্য মিথ্যার মধ্যে পার্থক্য করতে পারে না, ভাল থেকে মন্দকে আলাদা করতে পারে না। এভাবে তার অন্তর অঙ্গ হয়ে যায়।

এই পদ্ধতির মাধ্যমে বান্দা এক এক করে তার প্রত্যেকটি অঙ্গকে যাবতীয় গুনাহ থেকে পবিত্র রাখতে পারবে। যখন সাতটি অঙ্গকে গুনাহ থেকে পবিত্র করতে সক্ষম হবে তখন সে পবিত্রতার দ্বিতীয় স্তরে চলে যাবে।

